

া মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১২৩৬

২৯. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ২৯. তালাকের বিবিধ প্রসঙ্গ

بَاب جَامِع الطَّلَاقِ

আরবী

وَحَدَّثِنِي عَنْ مَالِك عَنْ تَابِت بْنِ الْأَحْنَف أَنَّهُ تَزَوَّجَ أُمَّ وَلَد لِعَبْدِ الرَّحْمَنِ بْنِ زَيْد بْنِ الْخَطَّابِ قَالَ فَدَعَانِي عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زَيْد بْنِ الْخَطَّابِ فَجِئْتُهُ فَدَخَلْتُ عَلَيْهِ فَإِذَا سِيَاطٌ مَوْضُوعَةٌ وَإِذَا قَيْدَانِ مِنْ حَديد وَعَبْدَانِ لَهُ قَدْ أَجْلَسَهُمَا فَقَالَ طَلِّقْهَا وَإِلَّا فَإِذَا سِيَاطٌ مَوْضُوعَةٌ وَإِذَا قَيْدَانِ مِنْ حَديد وَعَبْدَانِ لَهُ قَدْ أَجْلَسَهُمَا فَقَالَ طَلِّقْهَا وَإِلَّا وَالَّذِي يُحْلَفُ بِهِ فَعَلْتُ بِكَ كَذَا وَكَذَا قَالَ فَقُلْتُ هِي الطَّلَاقُ أَلْفًا قَالَ فَخَرَجْتُ مِنْ عِنْدِهِ وَالَّذِي يُحْلَفُ بِهِ فَعَلْتُ بِكَ كَذَا وَكَذَا قَالَ فَقُلْتُ هِي الطَّلَاقُ أَلْفًا قَالَ فَخَرَجْتُ مِنْ عَبْدُ اللَّهِ بْنَ عَبْدُ اللَّهِ بْنَ عَبْدُ اللَّهِ بْنَ الزِّيُيْرِ وَهُو يَوْمَئِذ بِمِكَّةَ أَمِيرٌ عَلَيْهَا فَأَخْبَرْتُهُ بِالَّذِي كَانَ مِنْ حَبْدُ اللَّهِ بْنَ الزُّيُورِ وَهُو يَوْمَئِذ بِمِكَّةَ أَمِيرٌ عَلَيْهَا فَأَخْبَرْتُهُ بِالَّذِي كَانَ مِنْ مَنْ الزَّيُورِ وَهُو يَوْمَئِذ بِمَكَّةَ أَمِيرٌ عَلَيْهَا فَأَخْبَرْتُهُ بِالَّذِي كَانَ مِنْ شَأْنِي وَبِالَّذِي قَالَ لِي عَبْدُ اللَّهِ بْنَ الزَّيُورِ وَهُو يَوْمَئِذ بِمِكَّةَ أَمِيرٌ عَلَيْهَا فَأَخْبَرْتُهُ بِالَّذِي كَانَ مِنْ فَالْ يُعْمَر عَلَيْكَ فَالُ فَقَالَ لِي عَبْدُ اللَّهِ بْنِ عَمْدَ اللَّهِ بْنِ عَمْدَ اللَّهِ بْنِ عُمْرَ الْمَرَاقِي وَأَنْ يُخَلِّيَ بَيْنِي وَبَيْنَ أَهْلِي قَالَ فَقَدَمْتُ الْمَدِينَةَ فَجَهَرَتْ صَغَيَّةُ اللَّهِ بْنِ عُمْرَ الْوَلِيمَتِي فَجَاءَنِي عَبْدِ اللَّهِ بْنِ عُمْرَ الْوَلِيمَتِي فَجَاءَنِي وَاللَّهِ بْنِ عُمْرَ اللَّهِ بْنِ عُمْرَ الْمُرَاقِي وَلِيمَتِي فَجَاءَنِي

বাংলা

রেওয়ায়ত ৭৮. মালিক (রহঃ) হইতে বর্ণিত, আবদুর রহমান ইবন যায়দ ইবন খাত্তাব (রাঃ)-এর উম্মে ওয়ালাদ-কে সাবিতুল আহনাফ (রহঃ) বিবাহ করিলেন। সাবিত বলেনঃ আবদুল্লাহ ইবন আবদুর রহমান ইবন যায়দ ইবন খাত্তাব (রাঃ) আমাকে ডাকিয়া পাঠাইলেন, আমি তাহার নিকট আসিলাম এবং তাহার সমীপে প্রবেশ করিয়া দেখিলাম, সেখানে কয়েকটি চাবুক ও দুইটি লৌহ শিকল (আর তাহার নিকটে রহিয়াছে) উপবিষ্ট তাহার দুইজন ক্রীতদাস। তারপর আমাকে বলিলেন, তুমি স্ত্রীকে তালাক দাও, নতুবা আল্লাহর কসম, আমি তোমাকে এইরূপ এইরূপ করিব (অর্থাৎ চাবুক মারিব ও শিকল পরাইব)। সাবিত বলিলেনঃ (চাপ দেখিয়া) আমি বলিলাম, এই



স্ত্রীকে তালাক এক হাজার বার। তারপর সাবিত বলেন- আমি তাহার নিকট হইতে প্রস্থান করিলাম।

মক্কার পথে আমি আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-এর সাক্ষাৎ পাইলাম, আমি তাহাকে আমার ব্যাপার অবহিত করিলাম। (শুনিয়া) আবদুল্লাহ ইবন উমর (রাঃ) রাগান্বিত হইলেন এবং বলিলেনঃ ইহা (কোন) তালাক নহে, তোমার স্ত্রী তোমার জন্য হারাম হয় নাই। তুমি তোমার স্ত্রী গ্রহণ কর, আমার মনে (কিন্তু) শান্তি আসিল না। তাই আমি আবদুল্লাহ ইবন যুবায়র (রাঃ)-এর নিকট হাযির হইলাম। তিনি ছিলেন তখন মক্কার শাসনকর্তা। আমি তাহাকে বিষয়টি অবহিত করিলাম এবং আবদুল্লাহ ইবন উমর (রাঃ) যাহা বলিয়াছেন তাহাও জানাইলাম। (ঘটনা শ্রবণ করিয়া) আবদুল্লাহ ইবন যুবায়র (রাঃ) আমাকে বলিলেনঃ তোমার স্ত্রী তোমার জন্য হারাম হয় নাই, তুমি তাহার দিকে রুজু কর। তিনি জাবির ইবন আসওয়াদ যুহরী তৎকালীন মদীনার গভর্নরকে নির্দেশ দিয়া লিখিলেন, আবদুল্লাহ ইবন আবদুর রহমানকে শান্তি দাও এবং সাবিতের স্ত্রীর সহিত তাহার মিলনের পথে বাধা অপসারিত কর। সাবিত বলেনঃ তখন আমি মদীনাতে যাই। অতঃপর আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-এর পত্নী সফিয়া তাহার স্বামীর জ্ঞাতসারে আমার স্ত্রীকে সজ্জিত করিয়া আমার নিকট প্রেরণ করিলেন। অতঃপর আমি আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-কে ওয়ালীমার যিয়াফতে আমন্ত্রণ জানাইলাম। তিনি উহা গ্রহণ করেন এবং ওয়ালীমায় যোগদান করেন।

English

Yahya related to me from Malik from Thabit ibn al-Ahnaf that he married an umm walad of Abd ar-Rahman ibn Zayd ibn al-Khattab. He said, "Abdullah ibn Abd ar-Rahman ibn Zayd ibn al-Khattab summoned me and I went to him. I came in upon him and there were whips and two iron fetters placed there, and two of his slaves whom he had made to sit there. He said, 'Divorce her, or by He by whom one swears, I will do such-and-such to you!' I said, 'It is divorce a thousand times.' Then I left him and I saw Abdullah ibn Umar on the road to Makka and I told him about my situation. Abdullah ibn Umar was furious, and said, 'That is not divorce, and she is not haram for you, so return to your home.' I was still not at ease so I went to Abdullah ibn az-Zubayr who was the Amir of Makka at that time. I told him about my situation and what Abdullah ibn Umar had said to me. Abdullah ibn az-Zubayr said to me, 'She is not haram for you, so return to your home,' and he wrote to Jabir ibn al-Aswad az-Zuhra who was the Amir of Madina and ordered him to punish Abdullah ibn Abdar-Rahman and to have him leave me and my family alone. I went to Madina, and Safiyya, the wife of Abdullah ibn Umar fitted out my wife so that she could bring her to my house with the knowledge of Abdullah ibn Umar. Then I invited Abdullah ibn Umar on the day of my wedding to the wedding feast and he came."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন